Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

০১ অগ্রহায়ণ ১৪৩১

16 November 2024

## ভোরের কাগজ

### চীন সফরে গেলেন ঢাবি উপাচার্য



ড. নিয়াজ আহমদ খান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ৭ দিনের সফরে চীনের উদ্দেশে গত বৃহস্পতিবার রাতে ঢাকা ত্যাগ করেছেন। চীনের ইউনান বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট, সেন্টার ফর ল্যাংগুয়েজ এডুকেশন অ্যান্ড কো-অপারেশনের মহাপরিচালক, চাইনিজ ইন্টারন্যাশনাল এডুকেশন ফাউন্ডেশনের মহাসচিব এবং ইন্টারন্যাশনাল সোসাইটি ফর চাইনিজ ল্যাংগুয়েজ টিচিংয়ের প্রেসিডেন্টের আমন্ত্রণে তিনি এই সফর করছেন। উপাচার্য কনফুসিয়াস ইনস্টিটিউটের বার্ষিক বোর্ড মিটিং এবং ওয়াল্ড চাইনিজ ল্যাংগুয়েজ কনফারেন্সে অংশ নেন।

সফরকালে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ইউনান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে বিভিন্ন উচ্চপর্যায়ের বৈঠকে মিলিত হবেন এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করবেন। এ সময় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইউনান বিশ্ববিদ্যালয়ের চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরো জোরদার করার ব্যাপারে মতবিনিময় করবেন। দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে বলে আশা করা যাচ্ছে।

এছাড়া উপাচার্য চীনের সেন্টার ফর ল্যাংগুয়েজ এডুকেশন অ্যান্ড কো-অপারেশন, চাইনিজ ইন্টারন্যাশনাল এডুকেশন ফাউন্ডেশন এবং ইন্টারন্যাশনাল সোসাইটি ফর চাইনিজ ল্যাংগুয়েজ টিচিং কর্তৃপক্ষের সঙ্গে ভাষা ও সংস্কৃতি বিষয়ে যৌথ সহযোগিতামূলক কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে মতবিনিময় করবেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের আগামী বুধবার দেশে ফেরার কথা রয়েছে। উপাচার্যের অনুপস্থিতিতে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা উপাচার্যের রুটিন দায়িত্ব পালন করবেন। বিজ্ঞপ্তি

## নয়াদিগন্ত

### ঢাবি ভিসির চীন গমন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ৭-দিনের এক সফরে চীনের উদ্দেশে গত বৃহস্পতিবার রাতে ঢাকা ত্যাগ করেছেন। চীনের ইউনান বিশ্ববিদ্যালয়ের ভাইস-প্রেসিডেন্ট, সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ এডুকেশন অ্যান্ড কো-অপারেশনের মহাপরিচালক, চাইনিজ ইন্টারন্যাশনাল এডুকেশন ফাউন্ডেশনের মহাসচিব এবং ইন্টারন্যাশনাল সোসাইটি ফর চাইনিজ ল্যাঙ্গুয়েজ টিচিংয়ের প্রেসিডেন্টের আমন্ত্রণে তিনি এই সফর করছেন। ভিসি কনফুসিয়াস ইনস্টিটিউটের বার্ষিক বোর্ড মিটিং এবং ওয়ার্ল্ড চাইনিজ ল্যাঙ্গুয়েজ কনফারেন্সে অংশগ্রহণ করবেন।

সফরকালে তিনি ইউনান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে বিভিন্ন উচ্চ-পর্যায়ের বৈঠকে মিলিত হবেন এবং পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করবেন। এ সময় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে ইউনান বিশ্ববিদ্যালয়ের চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরো জোরদার করার ব্যাপারে মতবিনিময় করবেন। দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে বলে আশা করা যাচ্ছে।

এ ছাড়া ভিসি চীনের সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ এডুকেশন অ্যান্ড কো-অপারেশন, চাইনিজ ইন্টারন্যাশনাল এডুকেশন ■ ৪র্থ পৃ: ৪-এর কলামে

### ঢাবি ভিসির চীন

৩য় পৃষ্ঠার পর

ফাউন্ডেশন এবং ইন্টারন্যাশনাল সোসাইটি ফর চাইনিজ ল্যাঙ্গুয়েজ টিচিং কর্তৃপক্ষের সাথে ভাষা ও সংস্কৃতি বিষয়ে যৌথ সহযোগিতামূলক কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে মতবিনিময় করবেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান আগামী ২০ নভেম্বর ২০২৪ বুধবার দেশে ফিরবেন বলে আশা করা যাচ্ছে। ভিসির অনুপস্থিতিতে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা তার নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে ভিসি এর রুটিন দায়িত্ব পালন করবেন। বিজ্ঞপ্তি।

## আলোকিত বাংলাদেশ

### চীন সফরে ঢাবি উপাচার্য

■ আলোকিত ডেস্ক



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সাত দিনের এক সফরে চীন গেছেন। গত বৃহস্পতিবার রাতে তিনি ঢাকা ত্যাগ করেন। চীনের ইউনান বিশ্ববিদ্যালয়ের ভাইস-প্রেসিডেন্ট, সেন্টার ফর ল্যাংগুয়েজ এডুকেশন এন্ড কো-অপারেশন এর মহাপরিচালক, চাইনিজ ইন্টারন্যাশনাল এডুকেশন ফাউন্ডেশনের মহাসচিব এবং ইন্টারন্যাশনাল সোসাইটি ফর চাইনিজ ল্যাংগুয়েজ টিচিং এর প্রেসিডেন্ট-এর আমন্ত্রণে তিনি এই সফর করছেন। উপাচার্য কনফুসিয়াস ইনস্টিটিউটের বার্ষিক বোর্ড মিটিং এবং ওয়াল্ড চাইনিজ ল্যাংগুয়েজ কনফারেন্সে অংশগ্রহণ করবেন। সফরকালে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ইউনান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে বিভিন্ন উচ্চ-পর্যায়ের বৈঠকে মিলিত হবেন এবং পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করবেন। এ সময় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইউনান বিশ্ববিদ্যালয়ের চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরো জোরদার করার ব্যাপারে মতবিনিময় করবেন। দু'বিশ্ববিদ্যালয়ের মধ্যে এসংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে বলে আশা করা যাচ্ছে।

এ ছাড়া উপাচার্য চীনের সেন্টার ফর ল্যাংগুয়েজ এডুকেশন এন্ড কো-অপারেশন, চাইনিজ ইন্টারন্যাশনাল এডুকেশন ফাউন্ডেশন এবং ইন্টারন্যাশনাল সোসাইটি ফর চাইনিজ ল্যাংগুয়েজ টিচিং কর্তৃপক্ষের সঙ্গে ভাষা ও সংস্কৃতি বিষয়ে যৌথ সহযোগিতামূলক কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে মতবিনিময় করবেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান আগামী ২০ নভেম্বর দেশে ফিরবেন বলে আশা করা যাচ্ছে। উপাচার্যের অনুপস্থিতিতে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা তার নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে উপাচার্য-এর রুটিন দায়িত্ব পালন করবেন।

## ভোরের ডাক



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা গতকাল শুক্রবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের ৩ দিনব্যাপী বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠান উদ্বোধন করেন। -ছবি : ঢাবি জনসংযোগ

## আমাদের সময়

নোটিশ বোর্ড

### ঢাকা বিশ্ববিদ্যালয় দিচ্ছে মাসে ৫ হাজার টাকা বৃত্তি

বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে প্রথম বর্ষে অধ্যয়নরত মেধাবী ও অসচ্ছল ১৫০ জন নিয়মিত শিক্ষার্থীকে 'আকিজ-মনোয়ারা শিক্ষা সহায়তা ট্রাস্ট' বৃত্তি প্রদান করা হবে। প্রত্যেক শিক্ষার্থীকে ১ বছরের জন্য মাসিক ৫ হাজার টাকা করে বৃত্তি দেওয়া হবে। এই বৃত্তির জন্য ২০২৩-২০২৪ সেশনে ১ম বর্ষে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে স্ব স্ব বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের স্বাক্ষর ও সিলসহ আগামী ০৫ ডিসেম্বরের মধ্যে রেজিস্ট্রারের অফিসের ২০৭ (খ)- নং কক্ষে জমা দিতে হবে।